ঘৃণা সংক্রান্ত হিংস্রতা এবং নাগরিক অধিকার

তথ্য পত্রক

DFEH

রাল্ফ সিভিল রাইটস অ্যাক্ট (The Ralph Civil Rights Act) অনুসারে গর্ভাবস্থা, সন্তান প্রসব, এবং এর সাথে সম্পর্কিত অসুস্থতা, লিঙ্গ পরিচয় এবং লিঙ্গ অভিব্যক্তি, জাতি, বর্ণ, ধর্ম, বংশ, জাতীয় উৎস, অক্ষমতা, অসুস্থতা, জেনেটিক তথ্য, বৈবাহিক অবস্থা, যৌন প্রবণতা নাগরিকত্ব, মাতৃভাষা, অভিবাসন স্থিতি, রাজনৈতিক অন্তর্ভুক্তি বা শ্রমিক বিবাদে অবস্থান (ক্যালিফোর্নিয়ার সিভিল কোড ধারা 51.7) সহ কোনো ব্যক্তির প্রকৃত বা অনুভূত লিঙ্গের কারণে হিংস্রতার বা হিংসার হুমকি দেয়া নিষিদ্ধ। এই তালিকাভুক্ত বৈশিষ্ট্যগুলি কেবলমাত্র উদাহরণ এবং আইনের অধীনে বৈষম্যের অন্যান্য দিকগুলিও অন্তর্ভুক্ত হতে পারে। নাগরিক আইন দ্বারা নিষিদ্ধ কাজগুলিও অপরাধমূলক কাজ হতে পারে এবং এই ধরনের কাজের জন্য লঙ্ঘনকারীদের ফৌজদারি ব্যবস্থার সম্মুখীন হতে হবে। রাল্ফ সিভিল রাইটস অ্যাক্ট কোনও ব্যক্তিকে অভিযোগ বা মামলা করার অথবা অ্যাটর্নি জেনারেল, ন্যায্য কর্মসংস্থান ও বাসস্থান বিভাগকে (Department of Fair Employment and Housing, DFEH) বা কৌঁসুলি বা আইন বলবৎকারী এজেন্সিকে জানানোর অধিকার সহ কোনও পণ্য বা পরিষেবার জন্য চুক্তিতে প্রবেশ করার ক্ষেত্রে শর্ত হিসাবে আইনের সুরক্ষার স্বত্বত্যাগের প্রয়োজনীয়তা নিষেধ করে।

DFEH কী করে

ন্যায্য কর্মসংস্থান ও বাসস্থান বিভাগ ক্যালিফোর্নিয়ার নাগরিক আইন বলবৎ করে, যেটি এগুলির মাধ্যমে ঘৃণা সংক্রান্ত হিংস্রতা নিষিদ্ধ করে:

1. **অভিযোগের তদন্ত করা;**
2. **আইন লঙ্ঘনের বিরুদ্ধে মামলা করা; এবং**
3. **ক্যালিফোর্নিয়াবাসীকে ঘৃণা সংক্রান্ত হিংস্রতা মানব পাচার, হয়রানি ও বৈষম্যতা নিষিদ্ধকারী আইন সম্পর্কে লিখিত সামগ্রী প্রদান করে এবং সেমিনার ও সম্মেলনে অংশগ্রহণ করিয়ে শিক্ষিত করা।**

ক্যালিফোর্নিয়ার আইনের অধীনে কী ধরনের কাজ নিষিদ্ধ?

ক্যালিফোর্নিয়ার আইন অনুসারে লিখিত হুমকি, শারীরিক নিগ্রহ বা নিগ্রহ করার প্রচেষ্টা, দেয়ালে ছবি আঁকা ও সম্পত্তির ভাঙচুর বা ক্ষতি করা নিষিদ্ধ। উপাসনা করতে একত্র হওয়া মানুষের দলকে বিরক্ত করা, উপাসনা স্থল বা ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানের মালিকাধীন ও অধিকৃত ভবনের ভাঙচুর করা, হিংস্রতার হুমকির মাধ্যমে ধর্মীয় কার্যকলাপ বন্ধ করার প্রচেষ্টা অথবা উপাসনা স্থলে অথবা কোনও ব্যক্তিগত সম্পত্তিতে বোমাবাজি করে বা অগ্নি সংযোগ ঘটিয়ে কোনও ব্যক্তির ব্যক্তিগত নিরাপত্তাহীনতার ভয় দেখানো বিশেষ করে যদি সেই সম্পত্তিটি লক্ষ্যবস্তু হয়ে থাকে মালিকের বা বসবাসরত ব্যক্তির জাতি, বর্ণ, ধর্ম, বংশ বা অন্যান্য সুরক্ষিত দিকগুলি, তবে এমন কাজের ক্ষেত্রে ক্যালিফোর্নিয়ার অন্যান্য আইন অনুসারে শাস্তিদানের ব্যবস্থা রয়েছে।

এইসব কীভাবে আক্রান্তদের সাহায্য করে?

এইসব আইন হিংস্রতা বা জাতি, বর্ণ, ধর্ম, বংশ, জাতীয় উৎস, বয়স, অক্ষমতা, লিঙ্গ, লিযৌন প্রবণতা, রাজনৈতিক অন্তর্ভুক্তি বা শ্রমিক বিবাদের অবস্থানের কারণে হিংস্রতার শিকার এমন সকল মানুষকে নাগরিক প্রতিকার প্রদান করে।

উপলভ্য নাগরিক প্রতিকারগুলি হল:

1. প্রতিরোধ করার আদেশ
2. প্রকৃত ক্ষতি
3. শাস্তিমূলক খেসারত
4. আইনি দণ্ড
5. অ্যাটর্নি ফি

এমন অনেক পদক্ষেপ আছে যা এইসব আইন কর্তৃক প্রদত্ত আধিকারগুলি ব্যবহার করতে নেয়া যেতে পারে।

ঘৃণা সংক্রান্ত হিংস্রতা এবং নাগরিক অধিকার

DFEH

তথ্য পত্রক

ঘৃণা সহিংসতার উদাহরণ

রাল্ফ সিভিল রাইটস অ্যাক্টের অধীনে এইসব কাজ করা বেআইনি:

- কোনও ব্যক্তির সুরক্ষিত গোষ্ঠীতে প্রকৃত বা অনুমান করা সদস্যতার কারণে সেই ব্যক্তির সাংবিধানিক অধিকার বলপূর্বক খর্ব করা বা বল প্রয়োগের হুমকি দেয়া।
- ধর্মের কারণে তাদের উপাসনার জন্য একত্রিত হওয়া একদল লোককে ইচ্ছাকৃতভাবে বিরক্ত করা।
- হিংস্রতার হুমকি দিয়ে ধর্মীয় কার্যকলাপ বন্ধ করার প্রচেষ্টা।
- কোনও ব্যক্তির সুরক্ষিত গোষ্ঠীতে প্রকৃত বা অনুমান করা সদস্যতার কারণে সেই ব্যক্তির সম্পত্তির ক্ষতি করা।
- সুরক্ষিত গোষ্ঠীতে প্রকৃত বা অনুমান করা সদস্যতার কারণে কোনও ভবন বা উপাসনা স্থল ভাঙচুর করা।
- সুরক্ষিত গোষ্ঠীতে প্রকৃত বা অনুমান করা সদস্যতার কারণে কোনও ব্যক্তিকে নিগ্রহ করা।
- সুরক্ষিত গোষ্ঠীতে প্রকৃত বা অনুমান করা সদস্যতার কারণে কোনও ব্যক্তির প্রতি সহিংসমূলক আচরণ করা, যেখানে এই বেআইনি কাজের উসকানি দেয়ার জন্য এমনটা করা হয়েছে এবং তার কারণে এই জাতীয় কাজ হওয়ার সম্ভাবনা আছে।

যদি আমার মনে হয় যে আমি ঘৃণা সংক্রান্ত হিংস্রতার শিকার তাহলে আমি কি করব?

1. আপনি এই তথ্য সম্বলিত পুস্তিকাটি ব্যবহার করতে পারেন। সমস্যার বিষয়ে অ্যাটর্নি, পুলিশ বা সরকারি সংস্থার সঙ্গে যোগাযোগ করার সময় এটি দেখান।
2. যেকোনো হিংসামূলক হুমকি বা কাজের বিষয়ে পুলিশকে জানান। হিংসামূলক হুমকি বা কাজ এবং বৈশিষ্ট্যের (বর্ণ, লিঙ্গ, বয়স, অক্ষমতা, যৌন প্রবণতা ইত্যাদি) মধ্যে সংযোগ অবশ্যই জানাবেন। মনে রাখবেন এই সংযোগ আপনার বা সেই গোষ্ঠী বা ব্যক্তির বৈশিষ্ট্যের সঙ্গে সম্পর্কিত হতে পারে যার সঙ্গে আপনি যুক্ত।
3. আপনি একটি অভিযোগ দায়ের করতে পারেন। DFEH-এর মাধ্যমে আদালতে অথবা অন্য সরকারি সংস্থা যেমন স্থানীয় পুলিশ বিভাগ, ডিস্ট্রিক্ট অ্যাটর্নি বা ক্যালিফোর্নিয়ার অ্যাটর্নি জেনারেলের মাধ্যমে একটি অভিযোগ দায়ের করা যেতে পারে।
4. রাল্ফ বা বেন সিভিল রাইটস অ্যাক্ট বলবৎ করতে ক্যালিফোর্নিয়ার সিভিল কোডের ধারা 52-এর অধীনে ব্যক্তিগত মামলাও করা যে তে পারে।

নাগরিক প্রতিকার

1. **প্রতিরোধ করার আদেশ:** আদালত থেকে প্রতিরোধ করার আদেশ পাওয়ার পর, এই আদেশের লঙ্ঘনকারীদের জরিমানা করা বা জেলে পাঠানো যেতে পারে
2. **প্রকৃত ক্ষতি:** চিকিৎসার খরচ, মজুরির ক্ষতি, সম্পত্তির মেরামত অথবা মানসিক কষ্ট ও পীড়নের জন্য পেমেন্ট সহ
3. **শাস্তিমূলক খেসারত:** কোনও আদালত লঙ্ঘনকারীদের শাস্তি দেয়ার জন্য অতিরিক্ত ক্ষতির ক্ষতিপূরণ দিতে আদেশ দিতে পারে
4. **আইনি দণ্ড:** কোনও আদালত $25,000 জরিমানার আদেশ দিতে পারে, যা অভিযোগকারীকে দেয়া হবে
5. **অ্যাটর্নির ফি:** কোনও আদালত মামলার ক্ষেত্রে অ্যাটর্নির ফি পেমেন্ট করার আদেশ দিতে পারে

যদি আপনার মনে হয় যে সুরক্ষিত শ্রেণীর ভিত্তিতে আপনি ঘৃণা সংক্রান্ত হিংস্রতার শিকার হয়েছেন তাহলে অভিযোগ দায়ের করুন। DFEH অভিযোগ অবশ্যই আক্রান্ত ব্যক্তি অপরাধীর পরিচয় জানার তারিখ থেকে এক বছরের মধ্যে করতে হবে, তবে কোনও ক্ষেত্রেই ক্ষতির তারিখ থেকে তিন বছরের বেশি সময়ের পরে নয়। বিভাগীয় পরিষেবার জন্য অ্যাটর্নির প্রয়োজন নেই এবং কোনও ফি নেয়া হয় না।

যদি আপনি প্রতিবন্ধী হন ও আপনার বিশেষ ব্যবস্থার প্রয়োজন হয়, তাহলে বধির বা শ্রবণে অক্ষম বা কথা বলতে পারেন না এমন ব্যক্তিদের জন্য DFEH ক্যালিফোর্নিয়ার রিলে পরিষেবা (711)-এর মাধ্যমে সাহায্য করতে পারে বা আপনি নীচের ঠিকানা/নম্বরে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন।

অভিযোগ দায়ের করার জন্য

ন্যায্য কর্মসংস্থান এবং বাসস্থানের বিভাগ

dfeh.ca.gov

টোল-ফ্রি: 800.884.1684

TTY: 800.700.2320

DFEH-R01P-BG / এপ্রিল 2020